# মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাব

**প্রস্তাবনা:**

Extracurricular কার্যক্রমের একটি অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে **'মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাব'** এর প্রতিষ্ঠা। মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এর শিক্ষার্থীরা যাতে কর্মজীবনের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এবং নিজেদের ভবিষ্যত ক্যারিয়ার গঠনে সঠিক পথ খুঁজে পেতে পারে সেই লক্ষ্যে এই ক্লাব ২০২৫ সালের ১ জুলাই যাত্রা শুরু করে।

**অনুচ্ছেদ-১ (এক): নামকরণ:**

এই ক্লাব **'মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাব'** ও ইংরেজিতে সংক্ষেপে **MGC-Career Club** নামে এবং এই গঠনতন্ত্র 'মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাব' বা MGC-Career Club-এর গঠনতন্ত্র নামে অভিহিত হবে। MGC-Career Club সর্বদা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, চেতনা, সংস্কৃতি এবং কৃষ্টিকে ধারণ ও সম্মান প্রদর্শন এবং সরকারি চাকুরিবিধি অনুসরণপূর্বক এর কার্যাবলী সম্পাদন করবে।

**অনুচ্ছেদ-২ (দুই): সংজ্ঞা:**

ক্লাব : 'মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাব' বুঝাবে;
কলেজ : 'মাদারীপুর সরকারি কলেজ' বুঝাবে;
শিক্ষার্থী: 'মাদারীপুর সরকারি কলেজ' এর শিক্ষার্থী বুঝাবে;
অধ্যক্ষ: 'মাদারীপুর সরকারি কলেজ' এর অধ্যক্ষ বুঝাবে;
উপাধ্যক্ষ: 'মাদারীপুর সরকারি কলেজ' এর উপাধ্যক্ষ বুঝাবে;
শিক্ষক-কর্মকর্তা: 'মাদারীপুর সরকারি কলেজ' এর শিক্ষক-কর্মকর্তা বুঝাবে।

**অনুচ্ছেদ-৩ (তিন): স্লোগান, প্রতীক ও অফিস:**

-এই ক্লাবের একটি তাৎপর্যপূর্ণ ইংরেজি/বাংলা স্লোগান থাকবে;
-ক্লাবটির একটি লোগো (Logo) থাকবে;
-কলেজের যেকোন একটি কক্ষ ক্লাবের অফিস হিসেবে ব্যবহৃত হবে।

**অনুচ্ছেদ-৪ (চার): সাধারণ কার্যাবলী:**

MGC-Career Club সাধারণত নিম্নলিখিত কার্যাবলী পরিচালনা করবে-

১. শিক্ষার্থীদের চাকুরির জন্য প্রস্তুত হতে সহায়তা করা, যেমন- CV লেখা, প্রতিযোগিতামূলক পরীক্ষার আদলে Mock Test-এ অংশগ্রহণ, ইন্টারভিউ দেওয়া ইত্যাদি;
২. আইসিটি, বাংলা, ইংরেজি, সাধারণ গণিত, দৈনন্দিন বিজ্ঞান ও সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক) ইত্যাদি বিষয়ে দক্ষতা উন্নয়নে সপ্তাহে অন্তত ০১ দিন ক্লাশ পরিচালনা করা;
৩. ক্যারিয়ার বিষয়ক বিভিন্ন কর্মশালা ও সেমিনার আয়োজন করা, যেখানে অভিজ্ঞ ব্যক্তিগণ বিভিন্ন বিষয়ে আলোকপাত করবেন;
৪. শিক্ষার্থীদেরকে চাকুরি ছাড়াও বিভিন্ন পেশার সাথে পরিচয় করিয়ে দেওয়া যাতে তারা নিজেদেরকে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে আগ্রহী হয়ে উঠে;
৫. শিক্ষার্থীদের উপস্থাপনা কৌশল ও যোগাযোগ দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
৬. শিক্ষার্থীদের মধ্যে সমস্যা সমাধান, দল ব্যবস্থাপনা ও নেতৃত্বের গুণাবলি বিকাশে সহায়তা করা;
৭. স্থানীয় ও জাতীয় পর্যায়ে চাকুরি বাজারে কাঙ্ক্ষিত যোগ্যতার চাহিদা মূল্যায়ন ও সেই মোতাবেক শিক্ষার্থীদের দক্ষতা বিকাশে সৃজনশীল উদ্যোগ গ্রহণ করা;
৮. চাকুরিদাতা প্রতিষ্ঠানসমূহের উপস্থিতিতে বছরে অন্তত ০১টি চাকুরি মেলা (Job Fair) আয়োজন করা;

৯. বিভিন্ন স্কলারশিপ, প্রশিক্ষণ প্রোগ্রাম ও চাকুরি বিজ্ঞাপন সম্পর্কে তথ্য প্রদান করা, যা শিক্ষার্থীদের প্রচেষ্টা সফল করতে সহায়ক হতে পারে;

১০. এছাড়া বিদেশে উচ্চশিক্ষা গ্রহণ ও কর্মসংস্থান সংশ্লিষ্ট যেকোন বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।

মূলতঃ MGC-Career Club শিক্ষার্থীদের কর্মজীবনের প্রস্তুতি, প্রশিক্ষণ, বিভিন্ন চাকুরি তথ্য, স্কলারশিপ, প্রতিযোগিতা এবং সময়োপযোগী বিভিন্ন কর্মশালা আয়োজনের লক্ষ্যেই কাজ করবে। একই সাথে দেশের বেকার সমস্যা দূরীকরণ ও Demographic Dividend অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

**অনুচ্ছেদ-৫ (পাঁচ): সাধারণ সদস্যপদ:**

১. মাদারীপুর সরকারি কলেজে স্নাতক (পাস ও অনার্স) ও স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত যেকোনো শিক্ষার্থী (প্রাইভেট শিক্ষার্থী বাদে) এই ক্লাবের সাধারণ সদস্য হতে পারবে।

২. সাধারণ সদস্য নির্বাচনের ক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্য থেকে বছরের শুরুতে ক্লাবের নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা হবে এবং আবেদনকৃত শিক্ষার্থীদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করা হবে।

৩. কর্মশালায় অংশগ্রহণ ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সাধারণ সদস্য হিসেবে গণ্য করা হবে।

৪. এছাড়া কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী যেকোনো সময়ে যেকোনো যোগ্য ও আগ্রহী শিক্ষার্থীকে সাধারণ সদস্য হিসেবে নেওয়া যাবে।

৫. সকল সাধারণ সদস্য ও কার্যনির্বাহী পরিষদের সদস্যদের সমন্বয়ে ক্লাবের একটি সাধারণ পরিষদ থাকবে।

**অনুচ্ছেদ-৬ (ছয়): কার্যনির্বাহী পরিষদ: গঠন ও দায়িত্ব**

১. MGC-Career Club পরিচালনার জন্য নিম্নরূপ একটি কার্যনির্বাহী পরিষদ থাকবে:

| | |
|---|---|
| (ক) প্রধান উপদেষ্টা | : অধ্যক্ষ (পদাধিকারবলে) |
| (খ) উপদেষ্টা | : উপাধ্যক্ষ (পদাধিকারবলে) |
| (গ) আহ্বায়ক | : ১ জন (শিক্ষক-কর্মকর্তাদের মধ্য থেকে) |
| (ঘ) সদস্য সচিব | : ১ জন (শিক্ষক-কর্মকর্তাদের মধ্য থেকে) |
| (ঙ) কোষাধ্যক্ষ | : ১ জন (শিক্ষক-কর্মকর্তাদের মধ্য থেকে) |
| (চ) অফিস সম্পাদক | : ১ জন (শিক্ষক-কর্মকর্তাদের মধ্য থেকে) |
| (ছ) প্রচার ও প্রকাশনা সম্পাদক | : ১ জন (শিক্ষক-কর্মকর্তাদের মধ্য থেকে) |

২. কলেজের ছাত্রছাত্রী-সংসদ কার্যকর থাকা সাপেক্ষে সংসদের ভি.পি ও জি.এস পদাধিকার বলে নির্বাহী সদস্য হিসেবে বিবেচিত হবেন।

৩. কার্যনির্বাহী পরিষদের মেয়াদ হবে ০২ (দুই) বছর।

৪. ৬(১)(ক), ৬(১)(খ) ও ৬(২) উপ-অনুচ্ছেদে উল্লিখিত ক্ষেত্র ব্যতিরেকে অধ্যক্ষ মহোদয় কার্যনির্বাহী পরিষদের সদস্যদের মনোনয়ন প্রদান করবেন।

৫. কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব:

(ক) **প্রধান উপদেষ্টার দায়িত্ব:** সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে পরামর্শ, পৃষ্টপোষকতা প্রদান করবেন এবং প্রশাসনিক ও আর্থিক বিষয়সহ সকল বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

(খ) **উপদেষ্টার দায়িত্ব:** প্রধান উপদেষ্টাকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন এবং প্রধান উপদেষ্টার অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন করবেন।

(গ) **আহ্বায়কের দায়িত্ব:** ক্লাবের নির্বাহী দায়িত্ব পালন করবেন। প্রধান উপদেষ্টা/উপদেষ্টার পরামর্শক্রমে ক্লাবের লক্ষ্য অর্জনে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে মুখ্য সমন্বয়কের ভূমিকা পালন করবেন।

(ঘ) **সদস্য সচিবের দায়িত্ব:** আহ্বায়কের কাজে সার্বিক সহযোগিতা প্রদান করবেন এবং আহ্বায়কের অবর্তমানে তার দায়িত্ব পালন করবেন।

(ঙ) **কোষাধ্যক্ষের দায়িত্ব:** আহ্বায়কের নির্দেশনা মোতাবেক ক্লাবের সকল প্রকার আর্থিক দায়িত্ব পালন করবেন এবং আয়-ব্যয়ের হিসাব সংরক্ষন করবেন। সাধারণ পরিষদের বার্ষিক সভায় আর্থিক বিবরণী উপস্থাপন করবেন।

**(চ) অফিস সম্পাদকের দায়িত্ব:** ক্লাবের সকল ধরনের ডকুমেন্ট সংগ্রহ, সংরক্ষন ও প্রয়োজনে সরবরাহ করবেন। ক্লাবের যাবতীয় সম্পদ/সম্পত্তির হেফাজত ও যথাযথ ব্যবহার নিশ্চিত করবেন।

**(ছ) প্রচার ও প্রকাশনা সম্পাদকের দায়িত্ব:** ক্লাবের সদস্যদের মধ্যে নিবিড় যোগাযোগ স্থাপন ও তথ্য আদান-প্রদানে ভূমিকা পালন করবেন। ক্লাবের কলেবর ও সুনাম বৃদ্ধিতে সকল ধরনের প্রচারণা ও প্রকাশনার দায়িত্ব পালন করবেন।

**অনুচ্ছেদ-৭ (সাত): তহবিল ও বাজেট:**

১. যেহেতু MGC-Career Club কলেজের Extracurricular কার্যক্রমভিত্তিক একটি সংগঠন, তাই ক্লাবের সাধারণ সদস্যদের প্রদেয় ফি/চাঁদার মাধ্যমে অর্জিত তহবিল থেকে এর ব্যয় নির্বাহ করা হবে।

২. কার্যনির্বাহী পরিষদ কার্যক্রমভিত্তিক সম্ভাব্য আয়-ব্যয়ের বাজেট প্রণয়ন করবেন এবং তদানুযায়ী ফি/চাঁদার হার নির্ধারণ করবেন।

৩. কার্যনির্বাহী পরিষদ সাধারণ পরিষদের সভায় আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করবেন।

৪. MGC-Career Club Fund নামে একটি ব্যাংক হিসাব থাকবে যা আহবায়ক ও কোষাধ্যক্ষের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

**অনুচ্ছেদ-৮ (আট): সভা:**

১. দুই ধরনের সভা অনুষ্ঠিত হবে- (ক) সাধারণ সভা, (খ) জরুরি সভা

২. কার্যনির্বাহী পরিষদের আহ্বায়ক অন্তত তিন দিন পূর্বে নোটিশ প্রদান সাপেক্ষে প্রতি ০২ (দুই) মাসে কমপক্ষে একবার কার্যনির্বাহী পরিষদের সাধারণ সভা এবং অন্তত সাত দিন পূর্বে নোটিশ প্রদান সাপেক্ষে প্রতি ০৩ (তিন) মাসে কমপক্ষে একবার সাধারণ পরিষদের সাধারণ সভা আহ্বান করবেন। উভয়ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিষদের সদস্যদের এক-তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

৩. জরুরি প্রয়োজনে প্রধান উপদেষ্টার সহিত পরামর্শক্রমে আহ্বায়ক এক দিনের নোটিশে কার্যনির্বাহী পরিষদের জরুরি সভা আহ্বান করতে পারবেন।

**অনুচ্ছেদ-০৯ (নয়): প্রচার ও প্রকাশনা:**

১. MGC-Career Club-এর প্রচারের জন্য কলেজের E-নোটিশ বোর্ড ব্যবহার করা হবে। এছাড়া ক্লাবের একটি ফেসবুক গ্রুপ, একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ এবং একটি ই-মেইল থাকবে। গ্রুপের এডমিনশীপ, ই-মেইলের পাসওয়ার্ড আহ্বায়ক এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক সংরক্ষন করবেন।

**অনুচ্ছেদ-১০ (দশ): পাঠচক্র:**

১. সদস্যদের মননশীলতা ও জ্ঞানের পরিধি বৃদ্ধির জন্য মাসের যেকোনো একদিন MGC-Career Club কর্তৃক বিষয়ভিত্তিক পাঠচক্র আয়োজিত হবে।

২. পাঠচক্রকে সমৃদ্ধ করার জন্য 'অতিথি বক্তা'কে আমন্ত্রণ জানানো যেতে পারে। এর সার্বিক দায়িত্বে থাকবে কার্যনির্বাহী পরিষদ।

**অনুচ্ছেদ-১১ (এগার): পুরষ্কার ও সম্মাননা:**

১. মডেল টেস্ট, মক টেস্ট ও মাসিক পরীক্ষায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীকে MGC-Career Club শুভেচ্ছা পুরষ্কার প্রদান করবে।

২. সাধারণ সদস্যদের ক্যারিয়ার বিষয়ক সাফল্যে MGC-Career Club সংবর্ধনা ও সন্মাননা প্রদান করবে।

**অনুচ্ছেদ-১২ (বার): কর্নার/ লাইব্রেরি:**

১. MGC-Career Club-এর একটি স্বতন্ত্র কর্নার/ লাইব্রেরি থাকবে।

২. কর্নার/ লাইব্রেরিতে থাকবে ক্যারিয়ার বিষয়ক বই, পত্রিকা, ম্যাগাজিন ইত্যাদি।

৩. কর্নার/ লাইব্রেরির যাবতীয় সুযোগ-সুবিধা কেবল ক্লাবের সাধারণ সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে।

**অনুচ্ছেদ-১৩ (তের): শৃঙ্খলা ও আচরণবিধি:**

১. MGC-Career Club সব সময় এর সাধারণ সদস্যদের সাথে সুসম্পর্কে বিশ্বাসী। এই ক্লাব কখনও কোনো ধরনের গ্রুপিং, অসুস্থ প্রতিযোগিতাকে প্রশ্রয় দেবে না। সকল সাধারণ সদস্য ও কার্যনির্বাহী পরিষদের সদস্য তাদের পারস্পরিক সুসম্পর্ক, শ্রদ্ধাবোধ বজায় রাখবেন।

২. ক্লাবের কোনো সদস্য তাদের আচরণে এমন কিছু করবেন না যাতে ক্লাব/কলেজের সম্মানহানি ঘটে।

৩. কোনো সদস্যের ব্যক্তিগত কাজের জন্য MGC-Career Club দায়ী থাকবে না।

৪. সাধারণ সদস্যগণ নির্ধারিত সময়ের মধ্যে কার্যনির্বাহী পরিষদ কর্তৃক ধার্যকৃত চাঁদা/ ফি পরিশোধ করবেন।

**অনুচ্ছেদ-১৪ (চৌদ্দ): পদত্যাগ ও অপসারণ:**

১. অনুচ্ছেদ-১৩ মোতাবেক কোন সাধারণ সদস্য শৃঙ্খলাবিরোধী কার্য করলে কার্যনির্বাহী পরিষদ কারণ দর্শানো সাপেক্ষে ঐ সদস্যকে বহিষ্কার করতে পারবে।

২. কোন সাধারণ সদস্য যদি স্বেচ্ছায় অব্যাহতি বা পদত্যাগ করতে চান, তাহলে তিনি কার্যনির্বাহী পরিষদের আহ্বায়ক বরাবর লিখিত আবেদন করবেন এবং কার্যনির্বাহী পরিষদের সভায় ঐ সদস্যের অব্যাহতি বা পদত্যাগ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হবে।

৩. কার্যনির্বাহী পরিষদের কোন সদস্য যদি অব্যাহতি বা পদত্যাগ করতে চান, তাহলে তিনি অধ্যক্ষ বরাবর লিখিত আবেদন করবেন এবং অধ্যক্ষ মহোদয় ঐ সদস্যের অব্যাহতি বা পদত্যাগ বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন।

৪. অধ্যক্ষ মহোদয় যেকোনো সময়ে কার্যনির্বাহী পরিষদ ভেঙে দেওয়ার অথবা পূণর্গঠনের অধিকার সংরক্ষন করেন।

**অনুচ্ছেদ-১৫ (পনের): গঠনতন্ত্র সংশোধন:**

১. MGC-Career Club এর যেকোনো ধরনের সিদ্ধান্তের ক্ষেত্রে গঠনতন্ত্র অগ্রগণ্য বলে বিবেচিত হবে। গঠনতন্ত্রের বাইরে গৃহীত যেকোনো সিদ্ধান্ত অগ্রহণযোগ্য, বাতিল বা অবৈধ বলে বিবেচিত হবে। তবে যদি কখনও এমন কোনো সমস্যার সৃষ্টি হয় যার সমাধান গঠনতন্ত্রে নেই, সেক্ষেত্রে কার্যনির্বাহী পরিষদের সর্বসম্মত সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২. কার্যনির্বাহী পরিষদের দুই-তৃতীয়াংশের ভোটের মাধ্যমে গঠনতন্ত্র সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন করা যাবে।

**অনুচ্ছেদ-১৬ (ষোল): গঠনতন্ত্রের ব্যাখ্যা:**

গঠনতন্ত্রের কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে কার্যনির্বাহী পরিষদের প্রধান উপদেষ্টার ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

***এই গঠনতন্ত্র মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এর একাডেমিক কাউন্সিলের ১২/০৮/২০২৫ খ্রি. তারিখের সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অনুমোদিত ও গৃহীত হওয়ার তারিখ থেকেই এই গঠনতন্ত্র কার্যকর হয়।***

২৭/০৮/২৫

(প্রফেসর মো. লুৎফর রহমান খান)
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর

প্রফেসর মো. লুৎফর রহমান খান
আইডি নং-৯৬৮
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

# মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাব

*(স্বপ্ন ছোঁয়ার গল্পটা হোক শুরু)*

## সদস্য ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ২৬/০৮/২০২৫ খ্রি.

এতদ্বারা মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এর স্নাতক (সম্মান), স্নাতক (পাস), স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (প্রাইভেট শিক্ষার্থী বাদে) সকল বর্ষের শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাবের সদস্য ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। নিম্নে বর্ণিত সময়সূচি অনুসারে উক্ত কার্যক্রম চলবে-

| | |
|---|---|
| আবেদন ফরম সংগ্রহের তারিখ | : ০১/০৯/২০২৫ খি. হতে ১৮/০৯/২০২৫ খ্রি. |
| আবেদন ফরম প্রাপ্তি ও জমাদানের স্থান | : অর্থনীতি বিভাগের অফিস (ভবন নং#০৪, ৪র্থ তলা) |
| আবেদন ফরম জমাদানের শেষ তারিখ | : ১৮/০৯/২০২৫ খ্রি. |
| বাছাই পরীক্ষা (লিখিত) | : ২২/০৯/২০২৫ খ্রি. সকাল ১০:০০ টা |
| বাছাই পরীক্ষা (মৌখিক) | : ২৩/০৯/২০২৫ খ্রি. সকাল ১০:০০ টা |
| সদস্য ভর্তির তারিখ | : ১২/১০/২০২৫ খ্রি. হতে ১৫/১০/২০২৫ খ্রি, |
| ক্লাস শুরুর তারিখ | : ১৮/১০/২০২৫ খ্রি. |

**আবেদন ফরমের মূল্য** : **২০ (বিশ) টাকা**

27/08/2025

(প্রফেসর মো. লুৎফর রহমান খান)

অধ্যক্ষ

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর

প্রফেসর মো. লুৎফর রহমান খান
আইডি নং-৯৬৮
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

27/08/25

(প্রফেসর কামরুন নাহার কানন)

আহ্বায়ক

মাদারীপুর সরকারি কলেজ ক্যারিয়ার ক্লাব

কামরুন নাহার কানন
আইডি নং-১০৭৫২
অধ্যাপক, অর্থনীতি বিভাগ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।